যুগান্তর

16 JAN
পৃষ্ঠা

চুক্তি স্বাক্ষর

# শিক্ষা প্রসারে একজোট আইসিটি বিভাগ রবি ও টেন মিনিট স্কুল

বিশেষ সংবাদদাতা

দেশে শিক্ষা প্রসারে সম্মিলিতভাবে কাজ করবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, মোবাইল ফোন অপারেটর রবি ও অনলাইন বিদ্যাপীঠ 'টেন মিনিট স্কুল'। রোববার রাজধানীর সফটওয়্যার ডেভেলপমেন্ট পার্কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের উপস্থিতিতে প্রতিষ্ঠানগুলোর মধ্যে এ বিষয়ে একটি ত্রিপক্ষীয় চুক্তি হয়েছে। আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব বনমালী ভৌমিক, রবির চিফ কর্পোরেট অ্যান্ড পিপল অফিসার (সিসিপিও) মতিউল ইসলাম নওশাদ এবং 'টেন মিনিট স্কুলের' প্রতিষ্ঠাতা সিইও আয়মান সাদিক চুক্তিতে সই করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, 'ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নে মানসম্মত ডিজিটাল শিক্ষা উপকরণ একটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। আমাদের বিশ্বাস, সহযোগী প্রতিষ্ঠানগুলোর সঙ্গে হাত মিলিয়ে কাজ করার ফলে দেশে মানসম্মত শিক্ষা বিস্তারে আমাদের সামর্থ্য আরও বৃদ্ধি পাবে। তিনি বলেন, দেশের শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে প্রায় ৪ কোটি ২৬ লাখ শিক্ষার্থী রয়েছে।

গ্রাম ও শহরে শিক্ষার গুণগত মানের বৈষম্য দূর করার একমাত্র সমাধান হচ্ছে তথ্যপ্রযুক্তি। ইন্টারনেট শিক্ষার ক্ষেত্রে সম্পৃক্ত করতে পারলে শিক্ষার মান বাড়ার সঙ্গে সঙ্গে শহর ও গ্রামের বৈষম্য কমবে। অনুষ্ঠানে জানানো হয়, এ চুক্তির আওতায় শিক্ষার্থীদের জন্য দুই হাজার একটি ডিজিটাল ল্যাব এবং ৩০ হাজারের বেশি মাল্টিমিডিয়া ক্লাসরুমে 'টেন মিনিট স্কুলের' ডিজিটাল এডুকেশন কনটেন্ট শিক্ষার্থীদের কাছে তুলে ধরা হবে। এছাড়া চুক্তিতে স্বাক্ষরকারী তিন প্রতিষ্ঠানের উদ্যোগে আইসিটি বিভাগের প্রশিক্ষণ কেন্দ্র এবং দেশজুড়ে হাইটেক পার্কগুলোতে ন্যানো ডিগ্রি প্রোগ্রাম চালু করা হবে। পাশাপাশি আইসিটি বিভাগের উদ্যোগে আয়োজিত 'লার্নিং অ্যান্ড আর্নিং' মেলায় তরুণদের মধ্যে তাদের ডিজিটাল এডুকেশন কনটেন্ট তুলে ধরবে রবি-টেন মিনিট স্কুল। 'টেন মিনিট স্কুল' দেশের একমাত্র সাইট, যেখানে শিক্ষার্থীরা টিউটোরিয়ালের (১৪১১টি ভিডিও রয়েছে) মাধ্যমে শিখতে পারছেন।